

কেওয়াইসি

(আপনার গ্রাহককে জানুন)

"কেওয়াইসি (আপনার গ্রাহককে জানুন) সহজ কিন্তু প্রয়োজনীয় - আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা এবং রক্ষণাবেক্ষণ করার জন্য।"



01

কোনও ব্যক্তির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার জন্য একটি অফিসিয়ালি ভ্যালিড ডকুমেন্ট (ওভিডি) এবং সাম্প্রতিক তোলা ছবি, প্যান কার্ড অথবা ফর্ম 60 প্রদান করা যথেষ্ট। নিম্নলিখিত নথি ওভিডি হিসেবে গ্রহণ করা হবে: পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, আধার নম্বর থাকার প্রমাণ, ভারতের নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত ভোটার পরিচয়পত্র, রাজ্য সরকারী কোনও আধিকারিক দ্বারা যথাযথভাবে স্বাক্ষরিত এনআরইজিএ থেকে প্রদত্ত জব কার্ড এবং নাম ও ঠিকানার বিশদ সম্বলিত জাতীয় জনসংখ্যা নিবন্ধক কর্তৃক প্রদত্ত চিঠি।

02

ব্যাঙ্কে জমা দেওয়া আপনার বর্তমান ঠিকানা আপনার প্রমাণপত্রের থেকে আলাদা হলে, ই-কেওয়াইসি প্রমাণীকরণ অর্থাৎ বায়োমেট্রিক বা ওটিপি ভিত্তিক প্রমাণীকরণের মাধ্যমে অনবোর্ডিং করতে হলে, আপনার নতুন ঠিকানার একটি সাধারণ স্ব-ঘোষণা যথেষ্ট।

03

ওভিডি উপলভ্য না হলে, গ্রাহক স্ব-প্রত্যয়িত ছবি জমা দিয়ে একটি 'স্মল অ্যাকাউন্ট' খুলতে পারেন এবং সেই অ্যাকাউন্টে সর্বোচ্চ ₹50,000 পর্যন্ত ব্যালেন্স, প্রতি মাসে সর্বোচ্চ ₹10,000 পর্যন্ত প্রত্যাহার এবং প্রতি আর্থিক বছরে মোট ₹1 লক্ষ পর্যন্ত ক্রেডিট করা সম্ভব।

04

ব্যবসায়িক সম্পর্ক/অ্যাকাউন্ট-ভিত্তিক সম্পর্ক স্থাপনের সময় জমা দেওয়া নথিতে কোনও পরিবর্তন হলে, পরিবর্তন হওয়ার 30 দিনের মধ্যে গ্রাহককে আপডেট করা নথি ব্যাঙ্কে জমা দিতে হবে।

05

কেওয়াইসি প্রক্রিয়া সংশ্লিষ্ট যেকোনও অভিযোগ করার জন্য, অনুগ্রহ করে আরবিএল ব্যাঙ্কের সাথে যোগাযোগ করুন (যোগাযোগ নম্বর- 022 6232 7777, ই-মেইল আইডি: customercare@rblbank.com)। ব্যাঙ্ক প্রদত্ত সমাধানে সন্তুষ্ট না হলে, আপনি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নিযুক্ত, ব্যাঙ্কিং ওম্বাডসম্যান (<https://cms.rbi.org.in>) অফিসে যোগাযোগ করতে পারেন।

এই বিষয়ে আপনার কোনও সহায়তার প্রয়োজন হলে, অনুগ্রহ করে আমাদের শাখা আধিকারিকদের সাথে যোগাযোগ করুন।

apno ka bank

